যায়যায়দিন

তারিখ 05 JAN 2007
পৃষ্ঠা ৬ কলাম ২

# পশ্চিমবঙ্গে তৈরি হচ্ছে ৭৭টি মাদ্রাসা কমপ্লেক্স

যাযাদি ডেস্ক

মাদ্রাসা শিক্ষার উন্নয়নে পশ্চিমবঙ্গের রাজ্য সরকার ৫০৬টি মাদ্রাসাকে নিয়ে ৭৭টি মাদ্রাসা কমপ্লেক্স তৈরি করছে। প্রতিটি কমপ্লেক্সের একটি মাদ্রাসাকে 'লিড' মাদ্রাসা হিসেবে গড়ে তোলা হবে। কাজ শুরু হবে চলতি জানুয়ারি মাস থেকেই। পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদের সভাপতি সোহরাব হোসেনের উদ্ধৃতি দিয়ে কলকাতার একটি পত্রিকা সম্প্রতি এ তথ্য জানায়।

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এ ৫০৬টি মাদ্রাসা ছড়িয়ে-ছিটিয়ে আছে। সোহরাব হোসেন জানান, কাছাকাছির মধ্যে অবস্থিত এমন আট থেকে ১০টি মাদ্রাসাকে প্রথমে বাছাই করা হবে। তার মধ্য থেকে যে মাদ্রাসাটি তুলনামূলকভাবে পরিকাঠামো-গত দিক দিয়ে উন্নত, সেটিকে লিড মাদ্রাসা করা হবে।

এরপর লিড মাদ্রাসার অধীনে ওই আটটি বা ১০টি মাদ্রাসাকে নিয়ে একটি কমপ্লেক্স তৈরি করা হবে। এই লিড মাদ্রাসায় ওই কমপ্লেক্সের প্রধান শিক্ষকরা মিলিত হবেন। মাদ্রাসা সংক্রান্ত বিভিন্ন সমস্যা, পড়াশোনার মান কিভাবে আরো বাড়ানো যায় ইত্যাদি বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন বলেও জানান সোহরাব হোসেন।

নির্দিষ্ট কমপ্লেক্সের মাদ্রাসার মধ্যে ইতিহাস, ভূগোল, অঙ্ক বা অন্যান্য বিষয়ে যে শিক্ষক ভালো পড়ান তিনি প্রয়োজনে ওই কমপ্লেক্সের অন্যান্য মাদ্রাসায় গিয়েও পড়াবেন। এর ফলে পড়াশোনা বা শিক্ষাদানের ক্ষেত্রে সমমান তৈরি হবে বলে মনে করেন পর্ষদ সভাপতি।

কমপ্লেক্স তৈরির ক্ষেত্রে জেলাভিত্তিক মানচিত্র তৈরির কাজ শেষ জানিয়ে তারা সব কমপ্লেক্স নিয়ে শিগগিরই একটি কর্মশালাও শুরু করতে চলেছেন। মাদ্রাসা কমপ্লেক্স তৈরির কারণ হিসেবে সভাপতি বলেন, পশ্চিমবঙ্গের মাদ্রাসা শিক্ষাব্যবস্থা সারা দেশের মধ্যে পথিকৃৎ। পাক দূতাবাস থেকে চিঠি পাঠিয়ে রাজ্যের মাদ্রাসা ব্যবস্থা সম্পর্কে জানতে আগ্রহ প্রকাশ করা হয়। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা এ রাজ্যে স্কুল শিক্ষার পরিপূরক। কিন্তু রাজ্যে বেশ কিছু মাদ্রাসা আছে, যেখানে শিক্ষার মান উন্নত নয়। সে ক্ষেত্রে যৌথভাবে কাজ করলে একটি মাদ্রাসাকে দেখে পার্শ্ববর্তী মাদ্রাসাগুলো উৎসাহিত হবে, শিক্ষার মান বাড়বে।

তিনি বলেন, মডেল মাদ্রাসা তৈরির কাজও শেষ পর্যায়ে। হাজি মহম্মদ মহসিন গার্লস মাদ্রাসা ও দক্ষিণ চব্বিশ পরগনার আখড়া গার্লস মাদ্রাসা দুটিকে মডেল মাদ্রাসা হিসেবে গড়ে তোলা হয়েছে। এই দুই মাদ্রাসায় পরীক্ষামূলকভাবে কাজ চলছে বলেও জানান পর্ষদ সভাপতি।

১০ থেকে ১৫টি মাদ্রাসাকে মডেল মাদ্রাসা হিসেবে গড়া হবে। উইপ্রো, বিক্রমশীলা ও নিউ-এর সাহায্যে এই মডেল মাদ্রাসা তৈরি করা হচ্ছে বলেও জানান তিনি। কলকাতা, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা— এই পাচটি জেলার ১০-১৫টি মাদ্রাসাকে মডেল মাদ্রাসা করা হবে।